**কবিতা/গল্প প্রকাশ**
সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ
EI YUG

"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"



- স্বামী বিবেকানন্দ

ইন্টারনেট সংস্করণ : eiyug.in [PRICE। মূল্য-2 টাকা]

HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 29 JUNE 2025, SUNDAY । ২৯ জুন ২০২৫, রবিবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-317 PAGE । পৃষ্ঠা-4

## মহাকাশ থেকে প্রধানমন্ত্রীকে অভিজ্ঞতা জানালেন শুভাংশু



এই যুগ, দিল্লি, ২৮ জুন: দ্বিতীয় ভারতীয় হিসেবে মহাকাশে পা রেখেছেন শভাংশু শুক্লা। তার এই সাফল্যের জন্য গর্বিত গোটা দেশ। আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে প্রথম ভারতীয় মহাকাশচারী হিসাবে পা রাখা গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা শনিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে কথা বলেন।তিনি জানিয়েছেন, মানচিত্রে ভারতকে যতটা বড় দেখায়, মহাকাশ থেকে দেখলে তা আরও বড় এবং বিশাল লাগে। ১৯৮৪ সালে রাকেশ শর্মার পর দ্বিতীয় ভারতীয় হিসাবে মহাকাশে গিয়েছেন শুভাংশু শুক্লা। শুভাংশু অ্যাক্সিওম-৪ মিশনের পাইলট হিসাবে মহাকাশে গিয়েছেন। ইতিহাস গড়ার জন্য শুভাংশুর প্রশংসা করে প্রধানমন্ত্রী মোদী বলেন, মহাকাশচারী হিসাবে তিনি মাতৃভূমি থেকে অনেক দূরে থাকলেও, তিনি প্রত্যেক ভারতবাসীর হৃদয়ের খুব কাছে রয়েছেন। প্রধানমন্ত্রী শুভেচ্ছা জানিয়ে আরও বলেন, আপনার নামের মধ্যেও শুভ রয়েছে এবং আপনার যাত্রা আমাদের দেশের যুবকদের জন্য একটি নতুন এবং আশাব্যঞ্জক শুরু। ১৪০ কোটি ভারতবাসীর অনুভূতি আপনার সঙ্গে যুক্ত। আপনি আমাদের জাতীয় পতাকা মহাকাশে নিয়ে গিয়েছেন। আমি আপনাকে আন্তরিক অভিনন্দন জানাই এবং আপনার মিশনের জন্য শুভকামনা জানাই। প্রধানমন্ত্রীর শুভেচ্ছার পর শুভাংশু জানান, তিনি মহাকাশ স্টেশনে নিরাপদে রয়েছেন এবং ভালো রয়েছেন। তিনি মহাকাশে ভারতকে প্রতিনিধিত্ব করতে পেরে অত্যন্ত আনন্দিত। পৃথিবী থেকে এই যাত্রা শুধু আমার একার নয়, এটি পুরো দেশের যাত্রা। মহাকাশ থেকে পৃথিবীকে কেমন লাগে? এই বিষয়ে এদিন শুভাংশু শুক্লা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে বলেন, তিনি পৃথিবীকে একটি সম্পূর্ণ গ্রহ হিসেবে দেখেছেন। সেখানে কোনও সীমানা দেখা যায় না। তিনি এও বলেন, 'যখন আমরা প্রথমবার ভারতকে দেখি, তখন দেখি যে ভারত সত্যিই বিশাল, খুবই বড়, আসলে মানচিত্রে আমরা যা দেখি তার থেকেও অনেক বড়। মহাকাশ থেকে পৃথিবীকে দেখলে মনে হয় যেন কোনও সীমান্ত নেই, কোনও রাজ্য নেই, কোনও দেশ নেই। আমরা সবাই মানবতার অংশ। পৃথিবী আমাদের একটাই বাড়ি এবং আমরা সবাই এতে বাস করি।

## জলপাইগুড়ি জেলা পুলিশের তৎপরতায় ব্যর্থ হলো এটিএম লুটের চেষ্টা, গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ২৮ জুন: জলপাইগুড়ি জেলা পুলিশের তৎপরতায় ব্যর্থ হলো একটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের এটি এম লুটের চেষ্টা। জানা গেছে শনিবার রাত দুটো কুড়ি মিনিট নাগাদ জলপাইগুড়ি জেলা পুলিশ কন্ট্রোল রুমে মুম্বাই কন্ট্রোল রুম থেকে খবর আসে জলপাইগুড়ি রানীনগর বি এস এফ ক্যাম্পের গেটের পাশে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের এটি এম এ সন্দেহজনক কার্যকলাপ চলছে। খবর পেয়েই কন্ট্রোল রুম আশপাশের সব কটি থানাকে সতর্ক করে দেয়। কোতোয়ালি থানার এ এস আই মুনিরাম রায় ও এ এস আই বিশাল ছেত্রী দ্রুত এটি এমের সামনে পৌঁছান। তাদের দেখতে পেয়ে দুই সন্দেহভাজন পালাতে শুরু করে। দ্রুত তাদের পেছনে ধাওয়া করে গ্রেপ্তার করে পুলিশ। এটি এম এর পাশ থেকে উদ্ধার হয় একটি গ্যাস সিলিন্ডার ও দুটি মোটরসাইকেল। ধৃতদের নাম কৌশিক মুখার্জি ও প্রতিক সরকার, দুজনেই রানীনগর এলাকার বাসিন্দা। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## রেলের উন্নয়নে মুখ্যমন্ত্রীর কাছে আরও সহযোগিতার আবেদন রেলমন্ত্রীর



মধুমিতা মণ্ডল, এই যুগ, হাওড়া, ২৮ জুন: পুরুলিয়া ও বাঁকুড়ার সঙ্গে কলকাতার যোগাযোগ আরও বাড়াতে যাত্রাপথকে আরও সহজ করতে পুরুলিয়া থেকে ভায়া বাঁকুড়া কিংবা মশাগ্রাম একটি মেমু ট্রেন চালু হল। শনিবার হাওড়ার সাঁতরাগাছি স্টেশন থেকে এই নতুন ট্রেনের ভিডিও কনফারেন্সের মাধ্যমে ফ্ল্যাগ অফ করলেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। ট্রেনটি এদিন দুপুরে পুরুলিয়া থেকে হাওড়ার উদ্দেশ্যে রওনা দেয়। এই ট্রেনটি চালু হওয়ায় পুরুলিয়া বিশেষত বাঁকুড়ার প্রচুর মানুষ, যেমন বিষ্ণুপুর, ইন্দাসের প্রচুর মানুষ উপকৃত হবেন। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিজেপি সাংসদ সৌমিত্র খাঁ ও তৃণমূল সাংসদ প্রসূন বন্দ্যোপাধ্যায়। শনিবার এই ট্রেনের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রেলমন্ত্রী রেলের উন্নয়নের জন্য এ রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে আরও সহযোগিতা চেয়ে আবেদন করেন। এদিন অনুষ্ঠান থেকে রেলমন্ত্রী প্রসূন বন্দ্যোপাধ্যায়কে অনুরোধ করেন যাতে তিনি রাজনীতির উর্ধে উঠে মুখ্যমন্ত্রীর কাছে রেলকে সহযোগিতার জন্য বলেন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তৃণমূল সাংসদ প্রসূন বন্দ্যোপাধ্যায় রেলের বিরুদ্ধে অবশ্য পাল্টা বঞ্চনার অভিযোগ তোলেন। তিনি বলেন, "আমার সংসদীয় এলাকা বাকসাড়ায় রেল গেটে আন্ডারপাস তৈরির জন্য আমি বিগত ৭ বছর ধরে রেলমন্ত্রকে চিঠি দিয়ে আবেদন করেছি। কিন্তু তাতেও কোনও কাজ হয়নি। শুধু বললেন দেখছি। এদিকে এদিন উদ্বোধনী অনুষ্ঠান মঞ্চে দাঁড়িয়ে রেলমন্ত্রী বলেন, "বাংলায় রেলের নানা প্রকল্পের জন্য প্রায় ৪ হাজার হেক্টর জমি রেলের প্রয়োজন। কিন্তু রাজ্য সরকারের অসহযোগিতার কারণে সেই পরিমাণ জমি পাচ্ছে না রেল। রাজ্য সরকার রাজনীতির উর্ধে উঠে একটু সহযোগিতা করলেই এই জমিজট কেটে যাবে।" জমির জন্য রেলের প্রকল্প আটকে থাকার উদাহরণ দিতে গিয়ে রেলমন্ত্রী বলেন, "খিদিরপুরে মেট্রো রেলের একটি প্রকল্পের জন্য রেলের ৮০০ স্কোয়্যার মিটার জায়গা প্রয়োজন। কিন্তু ২০২০ সাল থেকে রেল দপ্তর রাজ্য সরকারের কাছে অনুমোদন চেয়েও এখনও পায়নি।"

## সাউথ ক্যালকাটা ল কলেজে গনধর্ষণ কান্ডে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বাম ছাত্র যুব মহিলা সংগঠনের মিছিল




সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২৮ জুন: কলকাতার সাউথ ক্যালকাটা ল কলেজে ছাত্রীকে গনধর্ষন কান্ডে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়ে আলিপুরদুয়ার শহরে মিছিল করলো বাম ছাত্র, যুব ও মহিলা সংগঠন। শনিবার আয়োজিত এই মিছিল শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে আলিপুরদুয়ার থানায় যায়। সেখানে ধর্ষনকান্ডে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়ে স্লোগান দিয়ে বিক্ষোভ প্রদর্শন করা হয়। বাম ছাত্র, যুব ও মহিলা সংগঠনের কয়েকজন প্রতিনিধি থানায় যান ও ধর্ষনকান্ডে জড়িতদের দৃষ্টান্তমূলক কঠোর শাস্তির দাবি জানিয়ে আই সি কে দাবিপত্র দেন। আইসি অনির্বান ভট্টাচার্য জানান তিনি দাবিপত্রটি উর্ধ্বতন কর্তৃপক্ষকে পাঠিয়ে দেবেন।

# জেলার কথা

## মানসিক ভারসাম্যহীন ব্যক্তিকে পাঠানো হলো হাসপাতালে




মলয় দেবনাথ , এই যুগ , আলিপুরদুয়ার ,২৮ জুন : শামুকতলা থানার মাঝের ডাবরি গ্রাম পঞ্চায়েতের শিবকাটা এলাকার এক মানসিক ভারসাম্যহীন ব্যক্তি বাড়িতে ভাঙচুর ও মারধর শুরু করেছিলেন। ওই ব্যক্তিকে উদ্ধার করে মানসিক হাসপাতালে পাঠালেন শামুকতলা রোড পুলিশ ফাঁড়ির ওসি দেবাশীষ দেব। এমনটাই জানিয়েছেন তিনি শনিবার রাত দশটা নাগাদ। জানা গেছে ওই মানসিক ভারসাম্যহীন ব্যক্তি তার বাড়িতে প্রচুর জিনিস নষ্ট করেছে। তাছাড়া বাড়ির লোকসহ অন্যান্যদের দিকেও তেড়ে যাচ্ছিলেন তাদেরকে মারার জন্য। বাধ্য হয়ে বাড়ির লোক পুলিশের দ্বারস্থ হয়েছেন। পুলিশ তাকে উদ্ধার করে তুফানগঞ্জ মানসিক ভারসাম্যহীন হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করে।

## আলিপুরদুয়ার জেলা প্রশাসন এর উদ্যোগে ও কুমারগ্রাম ব্লক প্রশাসনের সহায়তায় বিশেষভাবে সক্ষমদের সহায়ক সরঞ্জাম বিতরণ




সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার , ২৮ জুন : আলিপুরদুয়ার জেলা প্রশাসনের উদ্যোগে , কুমারগ্রাম ব্লক প্রশাসনের সহায়তায় কুমারগ্রাম মদন সিং উচ্চ বিদ্যালয়ে শনিবার শুরু হয়েছে বিশেষভাবে সক্ষমদের সহায়ক সরঞ্জাম সহ কৃত্রিম অঙ্গ বিতরন কর্মসূচি। জানা গেছে রবিবারও এই কর্মসূচি চলবে। দুদিনে মোট পাঁচশ জন বিশেষভাবে সক্ষমকে সহায়ক সরঞ্জাম এবং কৃত্রিম অঙ্গ বিতরন করা হবে। শায়ক সরঞ্জাম এর মধ্যে রয়েছে হুইল চেয়ার , হিয়ারিং এইডস , ক্রাচ সহ অন্যান্য সামগ্রী আর কৃত্রিম অঙ্গ হিসাবে পা বিতরন করা হবে। শনিবার এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বরাইক, আলিপুরদুয়ার জেলা প্রশাসনের সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিক , কুমারগ্রাম পঞ্চায়েত সমিতির সভাপতি জুলি লামা , সহকারি সভাপতি জয় প্রকাশ বর্মন , কুমারগ্রামের বিডিও রজত কুমার বলিদা সহ এলাকার বিশিষ্টজনেরা। বিডিও জানান দিল্লির একটি বেসরকারি সংস্থা সহায়ক সরঞ্জাম এবং কৃত্রিম পা দিয়ে সহযোগিতা করেছে।

# কাগজের নৌকা

**২৯ জুন ২০২৫ , রবিবার**

## ইচ্ছা

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

জীবন যে বড় কঠিন ,
বড্ড-জ্বালায় যে জ্বলে ,
ইচ্ছা-গুলো যে তীব্র জ্বালায় ,
পাতাল- তলে ও হুল ফুটায় ,
মনটা যে আজ আগ বাড়িয়ে ,
ব্যথা গুলোকে বড্ড জাগায় ,
না পাওয়ার খাতায় এসে ,
লাটা-গুড়িতে সুতো গোটায় ।
বেড়েই চলেছে কখন যে ঘুন ,
ধরেছে শুকনা হৃদয়ের পাতায় ,
মন চাইলেই যায় না পাওয়া ,
জীবনের সমস্ত এগিয়ে যাওয়ার ,
পথ যে বড়ই ভয়ঙ্কর ,
চাঙ্গড় খসে পড়া সব ভাবনার ই দেওয়াল ,
দুর্বল যে ভিত সৃষ্টির সাধন ,
ধ্বংস সাধন ব্যর্থ হয় যে জিৎ।
জীবনের এইখানে প্রশ্নগুলোর উত্তর নেই জানা ,
জীবন যে বড় কঠিন ,
মগজে তাই তো দেয় হানা।
তীব্র গামী জীবন ইঞ্জিন , সময় করে না ছোটে ,
ট্রেন সময় ইঞ্জিন ছুটে ,আনন্দ নুড়ি হাতরে বেড়ায় ,
যতটুকু কপালে জোটে।।

## কসবা কাণ্ডের প্রতিবাদে বিক্ষোভ বিজেপির




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ জুন : কলকাতা কসবায় সরকারি আইন কলেজের ছাত্রী কে ধর্ষণ কান্ডের ব্যাপারে বিক্ষোভ কর্মসূচি তে নামল বিজেপি।এদিন সন্ধ্যা ৭.৩০ মিনিটে বিজেপি আলিপুরদুয়ার চৌপথীতে এক বিক্ষোভ কর্মসূচি নেওয়া হয়েছিল।রীতিমত টায়ার পুড়িয়ে কসবা কান্ডে বিক্ষোভ দেখায় বিজেপির নেতা ও কর্মিরা।বিজেপির জেলা সভাপতি মিঠু দাস বলেন ,এই নারকীয় ঘটনার দোষীদের চরম শাস্তি চাই।এদিন বিক্ষোভ মিছিলে প্ল্যাকার্ড হাতে অংশ নেয় কর্মীরা। এদিকে প্লেকার্ড হাতে নিয়ে মিছিলের পাশাপাশি বিক্ষোভ কর্মসূচির ফলে সরগরম হয়ে ওঠে আলিপুরদুয়ার চৌপথি এলাকা।

# বধূ নির্যাতনের দায়ে অভিযোগ পুলিশের কাছে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ জুন : শামুকতলা থানার পুটিমারি গ্রামের এক গৃহবধূকে মারধরের ঘটনা নিয়ে তার স্বামী ও শাশুড়ীর বিরুদ্ধে বধূ নির্যাতনের অভিযোগ জমা হয়েছে শামুকতলা থানায় এমনটাই জানা গেছে পুলিশ সূত্রে শনিবার রাত ন'টা নাগাদ। ১৩ মাস আগে সামাজিক ভাবে লক্ষ্মী মাহাতোর বিয়ে হয়েছিল। এরই মধ্যে তার উপর শারীরিক নির্যাতন চালাচ্ছে তার স্বামী এবং শাশুড়ি। নির্যাতনের মাত্রা দিনের পর দিন বাড়ছে এমনটাই অভিযোগ গৃহবধুর। পুলিশ অভিযোগের পরিপ্রেক্ষিতে তদন্তের পাশাপাশি একটি মামলাও শুরু করেছে।

# কসবা কাণ্ডের প্রতিবাদে হাওড়ায় বিক্ষোভ অবরোধ বিজেপির



মধুমিতা মণ্ডল ,এই যুগ , হাওড়া ,২৮ জুন : হাওড়া ময়দানের জিটি রোডের বিক্ষোভ। টায়ার জ্বালিয়ে প্রতিবাদ। হাওড়া সদরের বিজেপি কর্মীরা কসবা কান্ড নিয়ে শাসকদলের সমালোচনা করে। উত্তর হাওড়া সালকিয়া মরে জি টি রোডে অবরোধ করে বিজেপি কর্মীরা। কসবা কান্ডের প্রতিবাদে মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবি। অভয়া কাণ্ড হলো।তারপরেই কসবা হলো। আমাদের এখানে বাচ্চা স্কুলে পড়ে তারাও বাদ নেই। বাচ্চা থেকে বয়স্ক ৮০ সাল অব্দি কেউ বাদ নেই। তৃণমূলের সরকার এরা কাউকে বাদ দিচ্ছে না।সেই কারণে মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে বিক্ষোভ। এই আন্দোলন আরও তীব্র থেকে তীব্র হবে বলে জানান বিজেপি নেতৃত্বরা।

# কসবা কলেজের ঘটনায় সিট গঠন



এই যুগ , কলকাতা ,২৮ জুন : কসবা ল' কলেজের ছাত্রী নিগ্রহের ঘটনায় পাঁচ সদস্যের একটি বিশেষ তদন্তকারী দল (SIT) গঠন করল কলকাতা পুলিশ। ইতিমধ্যেই চারজন অভিযুক্তকে গ্রেফতার করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে পুলিশের তরফে। কলকাতা পুলিশের একজন অ্যাসিস্ট্যান্ট কমিশনারের নেতৃত্বে এই সিট গঠিত হয়েছে বলে জানা গেছে। লালবাজার সূত্রে খবর , কসবা কাণ্ডের তদন্তের জন্য এই বিশেষ ৫ সদস্যর টিম গঠন করা হয়েছে। ডিসি এসএসডি (সাউথ সাবার্বান ডিভিশন)- এর অ্যাসিস্ট্যান্ট কমিশনার প্রদীপ কুমার ঘোষাল এই বিশেষ টিমের নেতৃত্ব দেবেন।এই বিশেষ টিম গোটা ঘটনার তদন্ত করবে। অভিযোগকারিণী কীভাবে নিগৃহীত হয়েছিলেন , অভিযোগের কতটা সারবত্তা রয়েছে , সিসিটিভি ফুটেজ , ঘটনাস্থলের প্রমাণ এবং অভিযুক্তদের বয়ান সবকিছু খতিয়ে দেখা হবে।তদন্ত প্রক্রিয়া যাতে সঠিক পথে এগোয় , তা সুনিশ্চিত করতে নানা পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ইতিমধ্যেই। ইতিমধ্যে নির্যাতিতা আলিপুর আদালতে গোপন জবানবন্দিও দিয়েছেন।পুলিশ সূত্রে খবর , ল' কলেজেই ওই ছাত্রীকে গণধর্ষণ করা অভিযোগের পাশাপাশি নির্যাতনের একটি ভিডিও পাওয়া গেছে। অভিযুক্ত একজনের মোবাইলে এই ভিডিওটি পাওয়া গেছে। নির্যাতিতা জানিয়েছেন , নির্যাতনের ভিডিও তুলে তাঁকে ব্ল্যাকমেল করার ফন্দি আঁটা হয়েছিল।তদন্তে জানা গিয়েছে , ঘটনার দিন অর্থাৎ ২৫ জুন দুপুর সাড়ে তিনটে থেকে রাত ১০টা ৫০ মিনিট পর্যন্ত দীর্ঘ সাড়ে ৭ ঘণ্টার সিসিটিভি ফুটেজ উদ্ধার করা হয়েছে। পুলিশ এখন অভিযোগকারিণীর বয়ানের সঙ্গে এই ফুটেজ মিলিয়ে দেখছে।

# কাজের টাকা চাইতে গিয়ে খুন হতে হলো আদিবাসী যুবককে





মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ জুন : কাজের টাকা চাইতে গিয়ে খুন হতে হলো ১৮ বছর বয়স্ক এক যুবকের। ঘটনাটি ঘটেছে শামুকতলা থানার শিলটং ফরেস্ট বস্তি এলাকায়। যদিও খুন হওয়া রকি মিন্জের বাড়ি ধওলা বস্তি দুই এলাকাতে। পুলিশ ১৮ বছরের যুবককে খুন করার অপরাধে গ্রেপ্তার করেছে বিকাশ রাভা নামে এক ব্যক্তিকে। জানা গেছে রকি কাজের টাকা চাইতে গিয়েছিলেন বিকাশ রাভার কাছে। টাকা চাওয়ার পরেই দুজনের মধ্যে তর্ক-বিতর্ক শুরু হয়। এরই মধ্যে বিকাশ রাঁভা ধারালো অস্ত্র বের করে তাকে এলোপাথাড়ি কোপাতে থাকে। ঘটনাটি শনিবার রাত সাতটা নাগাদ ঘটলেও পুলিশের কাছে খবর আসে রাত আটটা নাগাদ। এরপরেই শামুকতলা থানার ওসি সহ বিশাল পুলিশ বাহিনী ওই এলাকায় যায়। উদ্ধার করে মৃতদেহ গ্রেপ্তার করে বিকাশ রাভাকে। রাতেই পুলিশ ঘটনার তদন্ত শুরু করে। শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে জানিয়েছেন অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। ঘটনার তদন্ত শুরু হয়েছে।

# হাওড়ায় কসবা কাণ্ডের প্রতিবাদে বিক্ষোভ বাম ছাত্র , যুব ,মহিলা গণসংগঠনের



মধুমিতা মণ্ডল ,এই যুগ ,হাওড়া ,২৮ জুন : কসবা কাণ্ডের প্রতিবাদে মিছিল বিক্ষোভ। এছড়াও কালীগঞ্জ ও আর জি কর কাণ্ডের প্রতিবাদ ও পুলিশের নিষ্ক্রিয়তার প্রতিবাদে বিক্ষোভ বাম ছাত্র , যুব ,মহিলা গণসংগঠনের।শনিবার পঞ্চাননতলা থেকে মিছিল করে হাওড়া থানার সামনে যায় আন্দোলনকারীরা। থানার সামনে পুলিশের ব্যারিকেড ফেলে দেওয়া হয়।শুরু হয় পুলিশের সাথে বচসা ও ধস্তাধস্তি। পরে হাওড়া থানার সামনে বসে বিক্ষোভ দেখাতে শুরু করেন আন্দোলনকারীরা। সারাভারত গণতান্ত্রিক মহিলা সমিতির হাওড়া জেলা সম্পাদিকা দুলু দাস পুলিশের ভূমিকা নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করে বলেন বিভিন্ন জায়গায় মহিলাদের নির্যাতনের সঙ্গে জড়িত দুষ্কৃতীদের শুধু গ্রেপ্তার নয় তাদের বিরুদ্ধে উপযুক্ত শাস্তি দিতে হবে। সেই সঙ্গে রাজ্যে মহিলাদের নিরাপত্তা সুনিশ্চিত করতে হবে।




EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।